

যা ঘটবার ঘটতে থাকে

আমার কথা বলি

আমার কথা বলি আর প্রতিবাদ করি

প্রতিবাদ করতে করতে কথা বলি

কথা বলতে বলতে প্রতিবাদ করি

আর যা ঘটবার তা ঘটতে থাকে

আর আমাদের প্রতিবাদগুলি তাকে ঘিরে খেলা করে

রং ছোঁড়ে, নাচে

আর ঘটনাগুলি ঘটতে থাকে

আমরা গুমরোই, গান গাই

আমরা কথা বলি, পিঁপড়ে হয়ে এগোই

যা ঘটবার তা ঘটতে থাকে

আমরা প্রতিবাদ করি

করতে করতে ঘুমোই

ঘুমোতে ঘুমোতে কথা বলি

যা ঘটবার ঘটতে থাকে

ঘটতে থাকে

শঙ্খ ঘোষ

